



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
www.iresppw-brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২২.১৮- ৫৫

তারিখ: ০৭/০৮/২০১৮ খ্রি:

পরিপত্র

বিষয়: উপজেলা পর্যায়ে কর্মসূচির কার্যক্রম পরিচালনার স্বার্থে স্থানান্তরিত জনবলের বেতন-ভাতা ও প্রশাসনিক ব্যয় নির্বাহ সংক্রান্ত নির্দেশনা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের মেয়াদ বিগত ৩০/০৬/২০১৮ খ্রি: তারিখে সমাপ্ত হওয়ার পর এর কার্যক্রম বিআরডিবি'র আওতায় কর্মসূচি আকারে চলমান রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। কর্মসূচি আকারে চলাকালীন সরকার হতে কোন প্রকার তহবিল/অনুদান প্রাপ্তির সুযোগ নেই। তাই অর্থ বছরওয়ারী বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যের পরিচালন ব্যয় (৮% এর ৬.৫%) ও অন্যান্য উৎস হতে অর্জিত দায়মুক্ত আয় হতে ব্যয় নির্বাহ করতে হবে। প্রতি অর্থ বছরে উপজেলার সম্ভাব্য আয় বিবেচনায় রেখে প্রকল্প সদর দপ্তর হতে বাজেট প্রদান করা হবে। অনুমোদিত বাজেটের আলোকে সকল প্রকার ব্যয় নির্বাহ করতে হবে।

২। দায়মুক্ত আয় মূলত প্রতি অর্থ বছরে কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যের পরিচালন ব্যয় (৮.০০% এর ৬.৫০%) এবং উক্ত অর্থ বছরে অন্যান্য উৎস হতে অর্জিত আয়ের সাশ্রয়কৃত অর্থ-কে বুঝাবে। প্রকল্প মেয়াদে (জানুয়ারী-২০১২ হতে জুন-২০১৮ পর্যন্ত) অর্জিত কোন আয়/দায়মুক্ত/টেকসই তহবিল হতে প্রকল্প/কর্মসূচির সদর দপ্তরের নির্দেশনা ব্যতিত ব্যয় করা যাবে না।


৩। উপজেলা পর্যায়ে কর্মরত জনবলের বেতন-ভাতাদি পরিশোধকল্পে দায়মুক্ত আয় হতে অর্থ বছরের প্রশাসনিক ব্যয় (জনবলের বেতন-ভাতা ব্যতিত বাজেট বরাদ্দ অনুযায়ী অন্যান্য সকল ব্যয়) ব্যতিরেকে অবশিষ্ট অর্থ জনবলের বেতন-ভাতা পদওয়ারী নিম্নোক্ত হিস্যা অনুযায়ী পরিশোধযোগ্য হবে :

ক্র নং	জনবলের বিবরণ	বছরে ঋণ বিতরণের পরিমাণ	পদওয়ারী বেতন-ভাতা পরিশোধের হিস্যা/বিভাজনের হার (%)			
			এআরডিও	হিসাব সহকারী	মাঠ সংগঠক	অফিস সহায়ক
১	২	৩	৪	৫	৬	৭
১	এআরডিও ১ জন হিসাব সহকারী ০১ জন মাঠ সংগঠক ০৩ জন অফিস সহায়ক ০১ জন	উপজেলা প্রতি ২৪০.০০ লক্ষ টাকা মাঠ সংগঠক প্রতি ৮০.০০ লক্ষ টাকা	২২.৫%	১৫.৫%	৫৪%	৮%
২	এআরডিও ১ জন হিসাব সহকারী ০১ জন মাঠ সংগঠক ০২ জন অফিস সহায়ক ০১ জন	উপজেলা প্রতি ২০০.০০ লক্ষ টাকা মাঠ সংগঠক প্রতি ১০০.০০ লক্ষ টাকা	২৭%	১৮%	৪৬%	৯%
৩	এআরডিও ১ জন হিসাব সহকারী ০১ জন মাঠ সংগঠক ০৩ জন	উপজেলা প্রতি ২৪০.০০ লক্ষ টাকা মাঠ সংগঠক প্রতি ৮০.০০ লক্ষ টাকা	২৪%	১৬%	৬০%	-
৪	এআরডিও ১ জন হিসাব সহকারী ০১ জন মাঠ সংগঠক ০২ জন	উপজেলা প্রতি ১৮০.০০ লক্ষ টাকা মাঠ সংগঠক প্রতি ৯০.০০ লক্ষ টাকা	৩০.৫%	২১.৫%	৪৮%	-

৪। কর্মসূচি'র সকল আয় ব্যয় আর্থিক বছরওয়ারী পরিচালিত হবে অথ্যাৎ কর্তৃপক্ষের নির্দেশনা ব্যতিত এক অর্থ বছরের অর্থ অন্য অর্থ বছরে ব্যয় নির্বাহ করা যাবে না।

৫। কর্মসূচি চালুর ১ম অর্থ বছরে (২০১৮-১৯) কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রকল্প মেয়াদে অর্জিত দায়মুক্ত আয়/তহবিল হতে বিশেষ অনুদান হিসেবে ০৬ মাসের বেতন ভাতার ৫০% এবং একটি উৎসব ভাতা পরিশোধ করা যাবে। এ বাবদ ব্যয়যোগ্য অনুদানের অর্থের হিসাব ২০১৮-১৯ অর্থ বছরের প্রেরিত বাজেট বিভাজনে পৃথকভাবে উল্লেখ করা হয়েছে।

৬। কর্মসূচি'র জনবলের বেতন-ভাতা ও প্রশাসনিক ব্যয় নির্বাহকল্পে মাসিক ভিত্তিতে আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণের জন্য নির্ধারিত ছক মোতাবেক পৃথক রেজিস্টার ব্যবহার করতে হবে। মাসিক জনবলের বেতন-ভাতা ও প্রশাসনিক ব্যয় মাসিক আয়ের সাথে সংগতি রেখে নির্বাহ করতে হবে। তবে কোন মাসে বেতন-ভাতার তহবিল উদ্ধৃত থাকলে তা একই অর্থ বছরের মধ্যে অন্য যে কোন মাসের বিপরীতে (তহবিল ঘাটতি হলে) সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর বেতন-ভাতা বাবদ পরিশোধ করা যাবে।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ ----- ।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ ----- ।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- ।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি।